

❏ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালাহীন)

হাদিস নম্বরঃ ১১৬৬ [আন্তর্জাতিক নম্বরঃ ১১৫৯]

৮/ বিভিন্ন নেক আমলের ফযীলত প্রসঙ্গে (كتاب الفضائل)

পরিচ্ছেদঃ ২১১: শুকরিয়ার সিজদার বিবরণ

(211) عِنْدَ حُصُولِ نِعْمَةٍ ظَاهِرَةٍ أَوْ انْدِفَاعِ بَلِيَّةٍ ظَاهِرَةٍ

আরবী

عَنْ سَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: خَرَجْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ مَكَّةَ نُرِيدُ الْمَدِينَةَ، فَلَمَّا كُنَّا قَرِيبًا مِنْ عَزْوَراءَ نَزَلَ ثُمَّ رَفَعَ يَدَيْهِ، فَدَعَا اللَّهَ سَاعَةً، ثُمَّ خَرَّ سَاجِدًا، فَمَكَثَ طَوِيلًا، ثُمَّ قَامَ فَرَفَعَ يَدَيْهِ، سَاعَةً، ثُمَّ خَرَّ سَاجِدًا - فَعَلَهُ ثَلَاثًا - وَقَالَ: «إِنِّي سَأَلْتُ رَبِّي، وَشَفَعْتُ لَأُمَّتِي، فَأَعْطَانِي ثُلْثَ أُمَّتِي، فَخَرَرْتُ سَاجِدًا لِرَبِّي شُكْرًا، ثُمَّ رَفَعْتُ رَأْسِي، فَسَأَلْتُ رَبِّي لَأُمَّتِي، فَأَعْطَانِي ثُلْثَ أُمَّتِي، فَخَرَرْتُ سَاجِدًا لِرَبِّي شُكْرًا، ثُمَّ رَفَعْتُ رَأْسِي فَسَأَلْتُ رَبِّي لَأُمَّتِي، فَأَعْطَانِي الثُّلُثَ الْآخَرَ، فَخَرَرْتُ سَاجِدًا لِرَبِّي» رواه أبو داود .

ضعيف (.) فيه : موسى بن يعقوب الزمعي ، وهو سيء الحفظ ، وشيخه يحيى بن الحسن بن عثمان ، وهو مجهول [.]

বাংলা

দৃশ্যত: কোন মঙ্গল লাভ হলে বা বাহ্যত: কোন বিপদ-আপদ কেটে গেলে শুকরানা সিজদাহ (কৃতজ্ঞতামূলক সেজদা) করা মুস্তাহাব।

১/১১৬৬। সাদ ইবনু আবী ওয়াক্কাস রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে আমরা মক্কা থেকে মদিনার পানে রওয়ানা দিলাম। আমরা যখন 'আযওয়ারা নামক স্থানের নিকটবর্তী হলাম, তিনি সওয়ারী থেকে নেমে পড়লেন এবং তাঁর দুই হাত তুলে কিছুক্ষণ দো'আ করলেন, তারপর সেজদা করলেন, দীর্ঘ সময় সেজদায় থাকলেন, তারপর উঠলেন এবং আবার দুই হাত তুলে কিছু সময় দো'আ করলেন, তারপর

আবার সেজদায় নত হলেন।

তিনি তিনবার এমন করলেন এবং বললেন: আমি আমার প্রভুর নিকট আবেদন করেছিলাম এবং আমার উম্মতের জন্য সুপারিশ করেছিলাম। আল্লাহ আমাকে আমার এক-তৃতীয়াংশ উম্মত (জান্নাতে) দিয়েছেন। আল্লাহর কৃতজ্ঞতা জ্ঞাপনের জন্য আমি সেজদা করলাম। তারপর আমি মাথা উঠিয়ে আমার উম্মতের জন্য আমার প্রভুর কাছে আবেদন করলাম। তিনি আমাকে আমার আরও এক-তৃতীয়াংশ উম্মত (জান্নাতে) দিলেন। এজন্যও আমি কৃতজ্ঞতার সেজদা করলাম। তারপর মাথা তুলে আমার উম্মতের জন্য আবেদন করলাম। তিনি আমাকে আরও এক-তৃতীয়াংশ উম্মত (জান্নাতে) দিলেন। এজন্যও আমি কৃতজ্ঞতার সেজদা করলাম।[1]

(অবশ্য শুকরানার সিজদাহ অন্য হাদিস দ্বারা প্রমাণিত। মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে কোন সুসংবাদ দেওয়া হলে তিনি সিজদাহ করতেন।) (ইবনে মাজাহ ১১৪১নং)

English

(211) Chapter: The Desirability of Prostrating out of Gratitude

Sa'd bin Abu Waqqas (May Allah be pleased with him) reported:
We left Makkah with the Messenger of Allah (ﷺ) for Al-Madinah, and when we were near 'Azwara,' he (ﷺ) alighted (from his riding-camel) raised his hands in supplication to Allah for a while and prostrated himself. He remained for a long time in prostration. Then he stood up and raised his hands for a while, after which he prostrated himself (again), and remained for a long time in prostration. Then he stood up and raised his hands for a while, after which he prostrated himself for the third time. Then he (ﷺ) said, "I supplicated my Rubb and made intercession for my Ummah, and He granted me one-third of them. So I again prostrated myself in gratitude to my Rubb. Then I raised my head and supplicated my Rubb for my Ummah, and He granted me another third of them. Again I raised my head and supplicated my Rubb for my Ummah and He granted me the last third of them. So I fell into prostration out of gratitude before my Rubb."

[Abu Dawud].

Commentary: The phrase "I supplicated my Rubb and made intercession for my Ummah" means that the Prophet (PBUH) prayed to Allah to pardon his Ummah and to admit them to Jannah. The interpretation of this Hadith is stated to be that ultimately all the Muslims will be sent to Jannah. They will not abide in Hell for ever. Some of them will go to Jannah after suffering the

punishment for their major sins, some through the intercession of the Prophet (PBUH), and some by the Special Grace of Allah. This interpretation is no doubt true. This is confirmed by other Ahadith and forms the belief of the followers of Sunnah of the Prophet (PBUH). But the Hadith under discussion is not "Sahih". However, Sujud-ush-Shukr (prostrations for thanksgiving), in support of which Imam An-Nawawi has reproduced this Hadith here, is also proved by other Ahadith. To prostrate in gratitude to Allah is correct and permissible. The incident of K`ab bin Malik is included in Sahih Bukhari and Sahih Muslim, which shows that after he came to know that his repentance was accepted, he prostrated to give thanks to Allah. According to the Shafi`i school of thought, the basic elements of Sujud-ush-Shukr (or prostrations to express thanks to Allah) are: (a) the intention (in the heart), (b) the Takbir, (c) prostration and (d) Taslim; the Hanafi school of thought, however, maintain that it is an act of prostration between two Takbir. It is permissible to perform it outside Salat, but not during it because it will invalidate it, if one does so deliberately.

ফুটনোট

[1] আমি (আলবানী) বলছিঃ হাদীসটির সনদ দুর্বল যেমনটি আমি “ইরওয়াউল গালীল” গ্রন্থে (নং ৪৬৭) এবং “যঈফা” গ্রন্থে নং (৩২২৯/৩২৩০) আলোচনা করেছি। এর এক বর্ণনাকারী ইয়াহইয়া ইবনুল হাসান সম্পর্কে হাফিয যাহাবী বলেনঃ তিনি মাদানী তার অবস্থা সম্পর্কে জানা যায় না। তার থেকে মূসা ইবনু ইয়াকুব বর্ণনা করেছেন। এর সম্পর্কে হাফিয ইবনু হাজার বলেনঃ তিনি মাজহুলুল হাল। প্রকৃতপক্ষে আস‘আস ইবনু ইসহাক মাজহুলুল হাল আর মূসা ইবনু ইয়াকুব হচ্ছেন মাজহুলুল আইন। (বিস্তারিত দেখুন “যঈফা” গ্রন্থের উক্ত নম্বরে)। আবু দাউদ ২৭৭৫।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ সা‘দ বিন আবু ওয়াক্কাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=26048>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন